

বাংলাদেশ বার কাউন্সিল

বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা-১০০০।

www.barcouncil.gov.bd

নং-বিবিসি/এনরোল/২০২২/৩১৩৩

তারিখঃ ০৯-১১-২০২২ইং

হাইকোর্ট পারমিশন লিখিত পরীক্ষার অনলাইন ফরম পূরণ সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাংলাদেশ বার কাউন্সিলের পরবর্তী হাইকোর্ট পারমিশন লিখিত পরীক্ষার অনলাইন ফরম পূরণ কার্যক্রম আগামী ০১-১২-২০২২ইং তারিখ হইতে ৩১-১২-২০২২ইং তারিখ পর্যন্ত চলিবে।


হাইকোর্ট পারমিশন লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার সম্ভাব্য সময়ঃ মধ্য জানুয়ারী ২০২৩ইং

উল্লেখ্য, পরীক্ষা গ্রহণের সম্ভাব্য এই সময়সূচী অনিবার্য যে কোনো পরিস্থিতিতে পরিবর্তন করিবার এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

পরীক্ষার অনলাইন ফরম পূরণ এবং এই সংক্রান্ত বিস্তারিত অন্যান্য তথ্য যথাসময়ে বাংলাদেশ বার কাউন্সিলের অফিসিয়াল ওয়েব সাইটে (www.barcouncil.gov.bd) প্রকাশ করা হইবে। বিশেষভাবে অবহিত করা যাইতেছে যে, অনলাইন ফরম পূরণ প্রক্রিয়া সমাপ্ত হইবার পর নতুন করিয়া পরীক্ষার কোনো আবেদন গ্রহণ করার কোনো সুযোগ না থাকায় সকল উপযুক্ত প্রার্থীকে নির্ধারিত সময়সীমার মধ্যে অনলাইনে ফরম পূরণ ও ফি জমা করিতে হইবে। নির্ধারিত তারিখ ও সময় অতিবাহিত হইবার পর অনলাইন ফরম পূরণ প্রোগ্রামটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হইয়া যাইবে এবং উক্ত লিখিত পরীক্ষার ফরম দাখিলের জন্য নতুন করিয়া কোনোরূপ আবেদন/নিবেদন গ্রহণ করা হইবে না।

এনরোলমেন্ট কমিটির নির্দেশক্রমে,




(মোঃ আফিজাল উর রহমান)
ভারপ্রাপ্ত সচিব
বাংলাদেশ বার কাউন্সিল

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুলিপি প্রেরিতঃ

- ১। উপ-সচিব, বাংলাদেশ বার কাউন্সিল।
- ২। অতিরিক্ত মহাব্যবস্থাপক (VAS), টেলিটক বাংলাদেশ লিঃ।
- ৩। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ বার কাউন্সিল।
- ৪। সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ বার কাউন্সিল।
- ৫। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রেশন শাখা, বাংলাদেশ বার কাউন্সিল।
- ৬। সহকারী পরিচালক (তথ্য), বাংলাদেশ বার কাউন্সিল (মিডিয়াতে সম্প্রচারের জন্য)।
- ৭। সহকারী পরিচালক (আইটি), বাংলাদেশ বার কাউন্সিল (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। অফিস কপি।